

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৫০৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. দ্বিতীয় অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغْنِي فِي الْإِسْتِسْقَاءِ مُتَبَذِّلًا مُتَوَاضِعًا مُتَخَشِّعًا مُتَضَرِّعًا. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهَ

বাংলা

১৫০৫-[৯] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন অতি সাধারণ পোশাক পরিধান করে, বিনয়-বিনম্র অবস্থায় আল্লাহর কাছে নিবেদন করতে করতে ইসতিসকার সালাতের জন্য বের হয়ে গেলেন। (তিরমিযী, আবু দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : আবু দাউদ ১১৬৫, আত্ তিরমিযী ৫৫৮, নাসায়ী ১৫২১, ইবনু মাজাহ ১২৬৬, মুসান্নাফ 'আবদুর রাযযাক ৪৮৯৩, ইবনু আবী শায়বাহ ৮৩৩৬, আহমাদ ২০৩৯, ইবনু খুযায়মাহ ১৪০৫, দারাকুত্বনী ১৮০৭, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৩৮৭, ইরওয়া ৬৬৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مُتَبَذِّلًا) সৌন্দর্যমন্ডিত পোশাক ছেড়ে ইউনিফর্ম জাতীয় পোশাক পরিধান করে আল্লাহর জন্য বিনয়ী হওয়া এবং প্রয়োজনকে প্রকাশ করা। নিহায়াহ্ গ্রন্থে تَبَذَّلُ-এর অর্থ বলা হয়েছে সৌন্দর্য ও সৌন্দর্য অবস্থান ছেড়ে বিনয়ীভাব প্রকাশ করা।

(مُتَخَشِّعًا) আল্লামা শাওকানী বলেন, ভয় বিহীন প্রকাশ করা আল্লাহর নিকট যা আছে তা পাওয়ার একটা মাধ্যমও।

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56065>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন